চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম।
(প্রেস বিজ্ঞপ্তি)

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ব্যবস্থাপনায় জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদ ময়দান সহ নগরীর ১৬৬টি স্থানে ঈদ জামাত অনুষ্ঠিত

চট্টগ্রাম- ১৮ জুন ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ব্যবস্থাপনায় নগরীর জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদ মাঠ সহ নগরীর ১৬৬টি স্থানে ঈদ জামাত অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র, মন্ত্রী, সাবেক মন্ত্রী, সাবেক মেয়র, আওয়ামীলীগ, বিএনপি সহ বিভিন্ন রাজনৈতিক দল, সুশীল সমাজ, বিভিন্ন শ্রেণি ও পেশার বিশিষ্ট জন জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদ মাঠের প্রথম ও প্রধান জামাতে শরীক হন। গত ১৬ জুন ২০১৮ ইংরেজী শনিবার, অনুষ্ঠিত পবিত্র ঈদুল ফিতরে জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদ মাঠের প্রথম ও প্রধান জামাতে ইমামতি করেন হযরতুল আল্লামা আলহাজ্ব সৈয়দ আবু তালেব মোহাম্মদ আলাউদ্দীন আল কাদেরী এবং দ্বিতীয় জামাতে ইমামতি করেন জাতীয় মসজিদ জমিয়তুল ফালাহ্' র পেশ ইমাম হাফেজ মৌলানা আহমুদুল হক । সকাল ৮ টায় অনুষ্ঠিত এ জামাতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়ের দায়িত্ব প্রাপ্ত মন্ত্রী আলহাজ্ব নুরুল ইসলাম বি এস সি, সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন,বাংলাদেশ আওয়ামী লীগ এর কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল,দক্ষিণ জেলা আওয়ামী লীগের সভাপতি মোছলেম উদ্দিন আহমেদ,সাবেক মন্ত্রী আবদুল্লাহ আল নোমান,জাফরুল ইসলাম চৌধুরী,সাবেক মেয়র মাহামুদুল ইসলাম চৌধুরী,মীর নাছির উদ্দিন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, কাউন্সিলর ও উর্ধ্বতন কর্মকর্তা সহ সরকারের বিভিন্ন স্তরের কর্মকর্তা, রাজনৈতিক দলের শীর্ষ স্থানীয় নেতৃবৃন্দ এবং বিভিন্ন শ্রেণি ও পেশার নাগরিকগণ ঈদ জামাতে উপস্থিত ছিলেন। জামাত শেষে অনুষ্ঠিত মোনাজাতে দেশ ও জাতির কল্যাণ, মুসলিম উন্মার শান্তি এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন সহ সকলের সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করা হয়। এ ছাড়াও একই স্থানে দ্বিতীয় ঈদ জামাত সকাল ৯ টায় অনুষ্ঠিত হয়। এ দিকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন জাতীয় মসজিদ জমিয়তুল ফালাহ মাঠে ঈদ জামাত শেষে কদম মোবারক এতিমখানা ও মসজিদ সংলগ্ন কবরস্থানে এসে পিতা ও আত্মীয়-¯^জনের কবর জেয়ারত শেষে মায়ের দোয়া নিয়ে নগরীর বিভিন্ন শ্রেণি ও পেশার নাগরিকদের সাথে ঈদের শুভেচ্ছা ও কুশল বিনিময় করেন।

সর্বস্তরের জনসাধারণের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময়কালে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দিন

বৈষম্যমুক্ত সমাজ প্রতিষ্ঠাই ঈদ আনন্দের লক্ষ্য

চট্টগ্রাম- ১৮ জুন ২০১৮

ঈদ মানেই আনন্দ, শুধু ঈদ আনন্দ বা খুশি নয়। ঈদ মানেই সাম্য, একতা, শান্তি। ঈদুল ফিতরকে উপল করে সার্বজনীন উৎসব আমাদের মধ্যে মিলন ও সম্প্রীতি বন্ধনকে সুদৃঢ় করবে। ঈদের নির্মল আনন্দ সকলকে সমানভাবে উপভোগের মধ্যদিয়ে স্বার্থকতা বয়ে আনে। আমরা ধনী-গরিব নির্বিশেষে একসাথে ইফতার করি। ঈদের জামায়াতে নামাজ পড়ি। ঠিক সেইভাবে ঈদ আনন্দকেও ভাগাভাগি করে নিতে পারি।

পবিত্র ঈদুল ফিতর দিন পবিত্র ঈদের নামাজের পরে নগরীর আন্দরকিল্লাস্থ মোহাদ্দেস ভিলা বাসভবনে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে চট্টগ্রামের সর্বস্তরের নাগরিক, প্রশাসনের উর্ধবতন কর্মকর্তা, সাংবাদিক, লেখক, সাংস্কৃতিককর্মী, বিভিন্ন রাজনৈতিক ও দলীয় নেতাকর্মীদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময়কালে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দিন এ কথা বলেন। তিনি বলেন, ঈদের আনন্দকে ভাগাভাগি করে নিয়ে মানুষে মানুষে সম্প্রীতি সৌভ্রাতৃত্ব ও সৌহাদ্য প্রতিষ্ঠার মধ্যদিয়ে সমাজ থেকে বৈষম্য দূর হবে। একটি বৈষম্যমুক্ত সমাজ প্রতিষ্ঠা-ই একটি স্বাধীন দেশের আরাধ্য লক্ষ্য বলে তিনি উল্লেখ করেন। এই লক্ষ অর্জনে আমাদের সম্মিলিত উদ্যোগের কথা উল্লেখ করে সিটি মেয়র বলেন, প্রত্যেককে দেশপ্রেমে উদ্‌বুদ্ধ হয়ে সমাজ প্রগতির পথের কাটা অপসারণ করতে হবে। পবিত্র ঈদুল ফিতরের দিন ও ২য় দিনে সর্বস্তরের নাগরিকদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময়কালে উপস্থিত ছিলেন সংসদ সদস্য নিজাম হাজারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো. মাহাবুবুর রহমান পিপিএম, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড চট্টগ্রামের প্রধান প্রকৌশলী প্রবীর কুমার সেন, আইইবি চট্টগ্রাম কেন্দ্রের সম্মানি সম্পাদক প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সাবেক সভাপতি রিয়াজ হায়দার চৌধুরী, বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর ফারুক, রাজনৈতিক রায়হান ইউসুফ, শফিউল আজম, আবদুল মান্নান ফেরদৌস, আসফাক আহম্মেদ, বাংলাদেশ গ্রæপ থিয়েটার ফেডারেশনের বিভাগীয় সাংগঠনিক সম্পাদক সাইফুল আলম বাবু, মহানগর পূজা উদযাপন পরিষদের সাবেক সাধারণ সম্পাদক সুমন দেব নাথ, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট চট্টগ্রাম জেলার সাধারণ সম্পাদক খোরশেদ আলম, ক্রীড়া সংগঠক আবদুর রশিদ লোকমান, সাংস্কৃতিক কর্মী মো. আলমগীর হোসেন, মাষ্টার আবদুর রহিম, ওসমান জাহাঙ্গীর, কবি সজল দাশ প্রমুখ।

আজ সোমবার ঈদের তৃতীয় দিনে অফিস চলাকালিন সময়ে নগরভবন মেয়র দপ্তরে বিভিন্ন শ্রেণির নাগরিক, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উর্ধ্বতন কর্মকর্তা ও কর্মচারীদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।

নগরীর ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট মেরামতের নির্দেশ দিলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম- ১৮ জুন ২০১৮

সাম্প্রতিক সময়ে অতিবর্ষনে ক্ষতিগ্রস্ত নগরীর রাস্তাঘাট মেরামতের নির্দেশ দিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। আগামীকাল মঙ্গলবার থেকে সিটি কর্পোরেশনের নিজস্ব এ্যাসফল্ট প্ল্যান্ট ব্যবহারের মাধ্যমে সিটি কর্পোরেশনের ৯টি ভিভিশনে এ কর্মযজ্ঞ শুরু হবে। তিনি আজ সোমবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশলীদের সাথে এ বৈঠকে এই নির্দেশ প্রদান করেন। বৈঠকে সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অতি: দা:) রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. আবু ছালেহ, আনোয়ার হোসেন, মনিরুল হুদা, কামরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী মো. ফরহাদুল আলম, বিপ্লব কান্তি দাশ, সুদীপ বসাক, অসীম বড়ুয়া ও আবু সিদ্দিক উপস্থিত ছিলেন। বৈঠকে মেয়র অতিবর্ষনের ফলে নগরীর ৪১টি ওয়ার্ডে রাস্তার ক্ষয়ক্ষতি এবং করণীয়াদি সম্পর্কে প্রকৌশলীদের নিকট জানতে চান। উপস্থিত কর্পোরেশনের প্রধান প্রকৌশলী অতিবর্ষনে নগরীর ৪১টি ওয়ার্ডে ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট সম্পর্কে একটি প্রতিবেদন বৈঠকে তুলে ধরেন। সিটি মেয়র নগরবাসী চলাচলে যাতে কষ্ট না হয় সেদিকে লক্ষ্য রেখে জরুরী ভিত্তিতে প্যাচওয়ার্ক এর মাধ্যমে ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট মেরামত সহ বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন।

সিটি মেয়র বিশ্বকাপ ফুটবল-২০১৮ দেখার সুবিধার্থে বান্ডেল সেবকদের একটি টিভি উপহার দেন। সিটি মেয়রের টিভি পেয়ে সেবকদের মধ্যে উদ্দীপনা তৈরি হয়। সেবকরা এতদিন বড় কোন আয়োজনে আনন্দ উপভোগ থেকে বঞ্চিত হতেন। সিটি মেয়রের টিভি পাওয়ায় চলতি বিশ্বকাপ ফুটবলের আনন্দ তারা উপভোগ করতে পারবেন।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন